

ঢাকা ওয়াসা

- ১। এফএম বিভাগ-২ হতে প্রাপ্ত মহাখালী হেলথ কমপ্লেক্স পানির পাম্প অকার্যকর বিষয়ে পত্র।
২। সংক্রামকব্যাধি হাসপাতাল সংলগ্ন খালি জায়গায় ঢাকা ওয়াসা কর্তৃক গভীর নলকূপ স্থাপনের সম্মতিপত্র।
৩। সংক্রামকব্যাধি হাসপাতাল সংলগ্ন খালি জায়গায় বর্তমানে ময়লার স্থূপের স্থির চিত্র।
৪। প্রাক্কলন।

বিষয় : মডস জোন-৫ এর আওতাধীন সংক্রামক ব্যাধি হাসপাতালের দেওয়া নতুন পাম্প স্থাপনের জায়গায় জমাকৃত ময়লা আবর্জনা পরিষ্কার করণ কাজ প্রসঙ্গে।

১) উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৫ এর আওতাধীন মহাখালী হেলথ কমপ্লেক্স পানির পাম্প দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় পানির উৎপাদন হ্রাস পায় এবং পরবর্তীতে এফএম বিভাগ-২ বরাবর অভিযোগ সেন্টারের মাধ্যমে পানির উৎপাদন বৃদ্ধি করার তাগিদ দিলে গত ১৪-০৬-২০২৬ এবং ১৫-০৬-২০২৬ইং তারিখে পরপর দুইবার ব্রেকডাউন হয়। ব্রেকডাউন কালীন কাজ করার সময় পরিলক্ষিত হয় যে, কুপটি বালি/পাথর দিয়ে ভরে অকার্যকর হওয়ায়, আলোচ্য কুপটি পরিচালনা করা সম্ভব নহে মর্মে অত্র দপ্তরে পত্র প্রেরণ করণে (কপি সংযুক্ত-১) এবং পাম্প প্রতিস্থাপনের জন্য সুপারিশ করেন।

২) সেই প্রেক্ষিতে নতুন পাম্প স্থাপনের জন্য আলোচ্য এলাকার নিকটবর্তী জায়গায় খোঁজ করা হলে ২০নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর এর সহযোগিতায় সংক্রামকব্যাধি হাসপাতাল সংলগ্ন খালি জায়গায় গভীর নলকূপ স্থাপনের জন্য ঢাকা ওয়াসাকে অস্থায়ীভাবে ব্যবহারের অনুমতি প্রদান করা হয় (কপি সংযুক্ত-২)। উল্লেখ্য বর্ণিত জায়গায় গভীর নলকূপ স্থাপনের লক্ষ্যে তঃপ্রঃ ও প্রকল্প পরিচালক (পানি পুনর্বাসন সার্কেল) মহোদয়ের সাথে আলোচনা হলে উক্ত ময়লা অপসারণ করার ব্যবস্থা নেওয়ার জন্য বলেন।

৩) সেই লক্ষ্যে মডস জোন-৫ এর আওতাধীন সংক্রামক ব্যাধি হাসপাতালের দেওয়া নতুন পাম্প স্থাপনের জায়গায় ময়লার স্থূপ অপসারণ করণ কাজটি করার নিমিত্তে বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয় যাতে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ৳ ৪৯৭০০/- (উনপঞ্চাশ হাজার সাতশত) টাকা মাত্র। উক্ত ব্যয় অত্র বিভাগের চলতি ২০২৬-২৭ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট বরাদ্দের পানির লাইন রক্ষনাবেক্ষন খাতের কোড (০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে।

৪) এমতাবস্থায়, মডস জোন-৫ এর আওতাধীন নতুন পাম্প স্থাপনের জায়গায় জমাকৃত ময়লা আবর্জনা পরিষ্কার করণ কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন দেয়া যেতে পারে।

(ক) উল্লেখিত কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯/১(ড) ধারা অনুসরণে ঠিকাদার মেসার্স জি এম বিল্ডার্স এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের অনুমোদন।

(খ) উপস্থাপিত মোট ৳ ৪৯৭০০/- (উনপঞ্চাশ হাজার সাতশত) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন,

(গ) আলোচ্য কাজের ব্যয় অত্র বিভাগের চলতি ২০২৬-২৭ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট বরাদ্দের পানির লাইন রক্ষনাবেক্ষন খাতের কোড (০১-০৪-০০১) হতে নির্বাহ করার অনুমোদন।

৫) উপরোক্ত অনুচ্ছেদ নং-৪ এর প্রস্তাবসমূহ সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

০৬/০৮/২৬

মোঃ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৫
ঢাকা ওয়াসা।

০৩.০৮.২০২৬

মোঃ ফয়সাল খান
সহকারী প্রকৌশলী
মডস জোন-৫, ঢাকা ওয়াসা।

০৮/০৮/২৬

মোঃ শাহীন হাসান
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৫, ঢাকা ওয়াসা

১৫/০৮/২৬

০৮/০৮/২৬

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

১৫/০৮/২৬

১১/০৮/২৬

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।